



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিবিল বাণিজ্যিক এলাকা

ঢাকা-১০০০, বাংলাদেশ।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

(পেনশন)

ফোন : ৯৫৫৩৫২৯,

E-mail: dgmhrd@Krishibank.org.bd



নং-প্রকা/এইচআরএমডি-২/প্রশি-বিবিধ-৯/২০১৯-২০২০/৩০৪৮

তারিখঃ ২৫.০৩.২০২০খ্রিঃ


বিষয়ঃ করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রতিরোধে চলমান প্রশিক্ষণ কার্যক্রম সীমিতকরণ প্রসংগে।

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ২৩.০৩.২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১০ এর মাধ্যমে করোনাভাইরাস প্রাদুর্ভাব বিশেষত এর কমিউনিটি ট্রান্সমিশন প্রতিরোধ করার লক্ষ্যে সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন নির্দেশনার প্রেক্ষিতে ব্যাংক কোম্পানিসমূহকে ইতিমধ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রশিক্ষণস্থলে অধিক সংখ্যক প্রশিক্ষণার্থীর অংশগ্রহণে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে :

০১. করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রশমিত না হওয়া পর্যন্ত ১০(দশ) জনের অধিক কর্মকর্তা /কর্মচারীর অংশগ্রহণে চলমান সকল প্রশিক্ষণ কার্যক্রম স্থগিত করে উক্ত কর্মকর্তাগণকে স্ব-স্ব কর্মস্থলে যোগদানের নির্দেশনা প্রদান করতে হবে। করোনা ভাইরাসের প্রাদুর্ভাব প্রশমিত হওয়ার পর অসম্পূর্ণ প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।

০২. ১০ (দশ) জন বা তদপেক্ষা স্বল্পসংখ্যক কর্মকর্তার অংশগ্রহণে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় আসন বিন্যাসের ক্ষেত্রে নূন্যতম দূরত্ব সংক্রান্ত World Health Organization (WHO) এর নির্দেশনা অনুসরণ করতে হবে। বাংলাদেশ ব্যাংকের বর্ণিত নির্দেশনা সকলের অবগতি এবং যথাযথভাবে পরিপালনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,


২৫.০৩.২০২০

(মোঃ আবু ছাদেক মিয়া)


উপ-মহাব্যবস্থাপক

তারিখঃ ২৫.০৩.২০২০খ্রিঃ

নং-প্রকা/এইচআরএমডি-২/প্রশি-বিবিধ-৯/২০১৯-২০২০/

সদয় অবগতি ও প্রয়োজনীয়ব্যবস্থা গ্রহণেরজন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ, বিকেবি-স্টাফ কলেজ, ঢাকা।
৪. অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৫. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. উপ মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮. সকল আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয় সহ)।
৯. সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
১১. নথি/মহানথি।


(মোঃ মোস্তাফিজুর রহমান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা